# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২১০৮

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - ইতিকাফ

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي الْمُعْتَكَفِ: «هُوَ يَعْتَكِفُ الذُّنُوبَ وَيُجْرَى لَهُ مِنَ الْحَسَنَاتِ كَعَامِلِ الْحَسَنَاتِ كلهَا» . رَوَاهُ ابْن مَاجَه

### বাংলা

২১০৮-[১২] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইতিকাফকারী সম্পর্কে বলেছেন যে, ইতিকাফকারী ঐ ব্যক্তির ন্যায় যে বাইরে থেকে সকল নেক কাজ করে, গুনাহ হতে বেঁচে থাকে-তার জন্য নেকী লেখা হয়। (ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ১৭৮১, শু‘আবূল ঈমান ৩৬৭৮। কারণ এর সানাদে ‘উবায়দাহ্ ইবনু বিলাল একজন মাজহূল রাবী আর ফারকদ ইবনু ইয়া‘কূব আস্ সাবাখী একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَيُجْزٰى لَه مِنَ الْحَسَنَاتِ) অর্থাৎ- ইতিকাফের কারণে যে সকল সৎকর্ম থেকে বিরত থেকেছে, যেমন রোগীর সেবা, জানাযায় শারীক হওয়া ও ভ্রাতৃত্ববন্ধন বৃদ্ধি করা ইত্যাদি এসব কিছুর প্রতিদান তাকে দান করা হবে। আর হাদীসটি যেহেতু য‘ঈফ, সুতরাং এ ধরনের ব্যাখ্যার প্রয়োজন নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56668

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন